গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.৫৫৯ — তারিখ: ৩১/০৩/২০২১ খ্রি.

**বিষয় : ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণি পর্যন্ত এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ (তৃতীয় সপ্তাহের জন্য) প্রেরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষার্থীকে শিক্ষা ব্যবস্থার সাথে সম্পৃক্ত রাখতে ২০২০ শিক্ষাবর্ষের ন্যায় ২০২১ শিক্ষাবর্ষের এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ নির্ধারণ করা হয়েছে। মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের জন্য নির্ধারণকৃত **তৃতীয় সপ্তাহের এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ প্রেরণ করা হলো।**

এমতাবস্থায়, ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির **তৃতীয় সপ্তাহের এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ** সকল শিক্ষার্থীদের অবহিতসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্ত : এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ (তৃতীয় সপ্তাহের জন্য)**

৩১/০৩/২০২১

**(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)**
পরিচালক (মাধ্যমিক)
ফোন: ৯৫৫৪৫৬৫

বিতরণ:
১। উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
২। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা
৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা
৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক.................................

**অনুলিপি ও সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
[এ্যাসাইনমেন্টটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৪. সংরক্ষণ নথি

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: কৃষি শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | **প্রথম অধ্যায়:** আমাদের জীবনে কৃষি | পাঠ ১: কৃষির পরিধি ও পরিসর | ময়মনসিংহ জেলার তারাকান্দা গ্রামের আদর্শ কৃষক আবদুর রহিম নিজ বাড়িতে ২টি গাভী, ১টি ষাঁড়, ২০টি হাঁস ও ২০টি মুরগি পালন করেন। এছাড়াও বাড়ির আঙিনায় বিভিন্ন ধরনের শাকসবজি ফলমূল এবং পুকুরে নানা ধরনের মাছ চাষ করে থাকেন। তিনি মনে করেন মৌলিক চাহিদাগুলোর অধিকাংশই তার কার্যক্রম থেকে পেয়ে থাকেন। তুমি কী মনে কর মানুষের মৌলিক চাহিদাগুলোর সবকয়টি কৃষি কার্যক্রমের মাধ্যমে পূরণ করা সম্ভব? যুক্তি দ্বারা তোমার মতামত উপস্থাপন কর। | ১) শিক্ষার্থীরা পাঠ্যবইয়ের ১ম অধ্যায়ের পাঠ-১ এর আলোকে মানুষের মৌলিক চাহিদাগুলো শনাক্ত করবে।<br>২) শিক্ষার্থীরা ইন্টারনেটের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য সংগ্রহের চেষ্টা করবে।<br>৩) শিক্ষার্থীরা নিজ পরিবারের সদস্যদের সাথে আলোচনা করে মৌলিক চাহিদাগুলো সম্পর্কে জানবে।<br>৪) নিজ বাড়িতে বিদ্যমান গাছপালার তালিকা তৈরি করে সেগুলোর ব্যবহার/উপযোগিতা সম্পর্কে জানবে।<br>৫) কোনো তথ্য উৎস থেকে অবিকল (হু বহু) কোনো তথ্য লিখে এ্যাসাইনমেন্ট জমা দেয়া যাবে না।<br>৬) নির্ধারিত সময়ের মধ্যে এ্যাসাইনমেন্ট জমা দিতে হবে।<br>৭)শিক্ষার্থীদের নিজ হাতে এ্যাসাইনমেন্ট লিখতে হবে।<br>৮) শিক্ষার্থীদেরকে তাদের পিতামাতা, ভাইবোন, আত্মীয়স্বজন, শিক্ষকগণ লিখে দিলে তা বাতিল হবে।<br>৯) যে কোনো কাগজ ব্যবহার করা যাবে।<br>১০) ১ম পৃষ্ঠায় নাম, শ্রেণি, রোল, বিষয়, এ্যাসাইনমেন্টের শিরোনাম স্পস্টভাবে লিখতে হবে। | **অতি উত্তম:**<br>১. সঠিকভাবে মৌলিক চাহিদাগুলোর নাম লিখতে পারলে<br>২. মৌলিক চাহিদাগুলোর কোনটি কোন উৎস হতে পাওয়া যায় তা পাঠ্যপুস্তকের সাথে সংগতিপূর্ণ থাকলে<br>৩. লেখায় লক্ষ্যণীয়মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা থাকলে<br>**উত্তম:**<br>১.অধিকাংশ (৩/৪ টি) চাহিদাগুলোর নাম লিখতে পারলে<br>২. মৌলিক চাহিদাগুলোর কোনটি কোন উৎস হতে পাওয়া যায় তা পাঠ্যপুস্তকের সাথে অধিকাংশই সংগতিপূর্ণ থাকলে<br>৩. লেখায় আংশিকমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা থাকলে<br>**ভালো:**<br>১. কমপক্ষে ২টি মৌলিক চাহিদার নাম লিখতে পারলে<br>২. মৌলিক চাহিদাগুলোর কোনটি কোন উৎস হতে পাওয়া যায় তা পাঠ্যপুস্তকের সাথে আংশিকভাবে সংগতিপূর্ণ থাকলে<br>৩. লেখায় সামান্যমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>**অগ্রগতি প্রয়োজন্য:**<br>১. মৌলিক চাহিদাগুলোর নাম লিখতে না পারলে<br>২. মৌলিক চাহিদাগুলোর কোনটি কোন উৎস হতে পাওয়া যায় তা পাঠ্যপুস্তকের সাথে সংগতির অভাব থাকলে<br>৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা অনুপস্থিত থাকলে |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: গার্হস্থ্য বিজ্ঞান**

<table>
<tr><th>এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম</th><th>অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম</th><th>পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু</th><th>এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ</th><th>নির্দেশনা</th><th>মূল্যায়ন রুব্রিক্স</th></tr>
<tr>
<td>এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১</td>
<td>প্রথম অধ্যায়:<br>গৃহ ও গৃহ পরিবেশের সাধরণ ধারণা</td>
<td>পাঠ ১:<br>গৃহ ও গৃহ পরিবেশ<br><br>পাঠ ২:<br>গৃহের অভ্যন্তরীণ স্থানের বিন্যাস<br><br>পাঠ ৩:<br>প্রয়োজনীয় জিনিস যথাস্থানে সংরক্ষণ<br><br>পাঠ ৪:<br>গৃহ পরিবেশ রক্ষা ও<br>সৌন্দর্য বর্ধনে গাছ</td>
<td>১। তোমার গৃহ পরিবেশের বিভিন্ন অংশের নামগুলো লেখ।<br>২। নিম্নে উল্লেখিত গৃহের অভ্যন্তরীণ স্থানগুলোকে ছকে সাজাও এবং সেই স্থানগুলোতে তোমার পরিবারের সদস্যরা কী কী কাজ করে তা উল্লেখ কর।<br>শোবার ঘর, ড্রইং রুম, রান্নাঘর, খাওয়ার ঘর, পড়ার ঘর, বাথরুম
<table>
<tr><th>গৃহের অভ্যন্তরীণ বিভিন্ন স্থানের বিন্যাস</th><th>গৃহের অভ্যন্তরীণ স্থানের নাম</th><th>সম্পাদিত কাজ</th></tr>
<tr><td rowspan="2">আনুষ্ঠানিক স্থান</td><td></td><td></td></tr>
<tr><td></td><td></td></tr>
<tr><td rowspan="2">অনানুষ্ঠানিক স্থান</td><td></td><td></td></tr>
<tr><td></td><td></td></tr>
<tr><td rowspan="2">কাজের স্থান</td><td></td><td></td></tr>
<tr><td></td><td></td></tr>
</table>
</td>
<td>১। বিষয়বস্তু সম্পর্কে শিক্ষার্থীকে সঠিক ধারণা দিন।<br><br>২। এ্যাসাইনমেন্ট (নির্ধারিত কাজ) প্রদান করুন।<br><br>৩। কাজটি নির্ধারিত সময়ে সম্পন্ন করে জমা দিতে উৎসাহিত করুন।</td>
<td>অতি উত্তম:<br>১। গৃহ পরিবিশের সবগুলো অংশের নাম সঠিকভাবে লিখতে পারা<br>২।গৃহের অভ্যন্তরীণ স্থানগুলোকে সঠিকভাবে ছকে সাজাতে পারা<br>৩।গৃহের অভ্যন্তরীণ স্থানগুলোয় সম্পাদিত সকল কাজ সনাক্ত করতে পারা<br>৪। পর্যায় অনুযায়ী ধারাবাহিকভাবে কাজ করতে পারা<br>৫। লেখায় লক্ষ্যনীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতার প্রকাশ<br>৬। বানান ও বাক্য গঠন ঠিক থাকা<br>উত্তম:<br>১।গৃহ পরিবেশের বেশিরভাগ অংশের নাম সঠিকভাবে লিখতে পারা<br>২। গৃহের অভ্যন্তরীণ বেশরিভাগ স্থানগুলোকে সঠিকভাবে ছকে সাজাতে পারা<br>৩। গৃহের অভ্যন্তরীণ স্থানগুলোয় সম্পাদিত অধিকাংশ কাজ সনাক্ত করতে পারা<br>৪। পর্যায় অনুযায়ী ধারাবাহিকভাবে কাজ করতে পারা<br>৫। লেখায় আংশিক মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতার প্রকাশ<br>৬।। বানান ও বাক্য গঠন ঠিক থাকা<br>ভালো:<br>১। গৃহ পরিবেশের কয়েকটি অংশের নাম ঠিকভাবে লিখতে পারা<br>২। গৃহের অভ্যন্তরীণ স্থানের কিছু অংশের নাম ছকে সাজাতে পারা<br>৩। গৃহের অভ্যন্তরীণ স্থানগুলোয় সম্পাদিত কিছু কাজ সনাক্ত করতে পারা<br>৪।। পর্যায় অনুযায়ী কাজের ধারাবাহিকতা আংশিকভাবে রক্ষা করতে পারা<br>৫।লেখায় আংশিক মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতার প্রকাশ<br>৬। বানান ও বাক্য গঠন আংশিক ঠিক থাকা<br>অগ্রগতির প্রয়োজন:<br>১। গৃহ পরিবেশের বিভিন্ন অংশের নাম লিখতে না পারা<br>২। গৃহের অভ্যন্তরীণ স্থানগুলোকে ঠিকভাবে ছকে সাজাতে না পারা<br>৩। গৃহের অভ্যন্তরীণ স্থানগুলোয় সম্পাদিত কাজ সনাক্ত করতে না পারা<br>৪। পর্যায় অনুযায়ী ধারাবাহিকভাবে কাজ করতে না পারা<br>৫।লেখায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব<br>৬। বানান ও বাক্য গঠন আংশিক ঠিক থাকা</td>
</tr>
</table>

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: গণিত**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | প্রথম অধ্যায়:<br>স্বাভাবিক সংখ্যা ও ভগ্নাংশ | ১.১ অঙ্ক পাতন<br>১.২ দেশীয় সংখ্যা পঠন রীতি<br>১.৩ আন্তর্জাতিক গণনা পদ্ধতি<br>১.৪ দেশীয় ও আন্তর্জাতিক গণনা রীতির পারস্পরিক সম্পর্ক<br>১.৫ মৌলিক ও যৌগিক সংখ্যা<br>১.৬ সহমৌলিক সংখ্যা<br>১.৭ বিভাজ্যতা<br>১.৮ গরিষ্ট সাধারণ গুণনীয়ক<br>১.৯ লঘিষ্ট সাধারণ গুণিতক<br>১.১০ গ.সা.গু ও ল. সা. গু এর মধ্যে সম্পর্ক<br>১.১১ সাধারণ ভগ্নাংশ<br>১.১২ ভগ্নাংশের তুলনা<br>১.১৩ ভংগ্নাংশের যোগ ও বিয়োগ<br>১.১৪ ভগ্নাংশের গুণ<br>১.১৫ ভগ্নাংশের ভাগ<br>১.১৬ ভগ্নাংশের গুণনীয়ক ও গুণিতক<br>১.১৭ ভগ্নাংশের গ.সা.গু<br>১.১৮ ভগ্নাংশের ল.সাগু<br>১.১৯ ভগ্নাংশের সরলীকরণ<br>১.২০ দশমিক ভগ্নাংশের যোগ<br>১.২১ দশমিক ভগ্নাংশের বিয়োগ<br>১.২২ দশমিক ভগ্নাংশের গুণ<br>১.২৩ দশমিক ভগ্নাংশের ভাগ<br>১.২৪ দশমিক ভগ্নাংশের গ.সা.গু ও ল. সা গু | ১। তিনটি সংখ্যা ২৮, ৪৮ ও ৭২<br>(ক) ১ থেকে ৭২ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলি সনাক্ত কর।<br>(খ) ৮ ও ১২ সংখ্যা দুইটির সাধারণ ভাজক নির্ণয় কর।<br>(গ) মৌলিক গুণনীয়কের সাহায্যে সংখ্যা তিনটির বৃহত্তম সাধারণ গুণনীয়ক নির্ণয় কর।<br>(ঘ) ইউক্লিডীয় প্রক্রিয়ায় সংখ্যা তিনটির ন্যূনতম সাধারণ গুণিতক নির্ণয় কর।<br>(ঙ) দেখাও যে, উদ্দীপকের ১ম ও ২য় সংখ্যাদ্বয়ের গুণফল এদের ল.সা.গু ও গ.সা.গু এর গুণফলের সমান। | ল.সা.গু ও গ.সা.গু নির্ণয় করে সমস্যাটি সমাধান করবে। | ক. মৌলিক সংখ্যা চিহ্নিতকরণ<br>খ. গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক (ভাজক) নির্ণয়<br>গ. গুণনীয়ক (ভাজক) নির্ণয়<br>ঘ. সর্বনিম্ন সাধারণ গুণিতক নির্ণয়<br>ঙ. সর্বনিম্ন সাধারণ গুণিতক ও সর্বোচ্চ সাধারণ গুণনীয়ক নির্ণয় |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৭ম

বিষয়: কৃষি শিক্ষা

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | **প্রথম** অধ্যায়: কৃষি এবং আমাদের সংস্কৃতি | পাঠ ১:<br>পরিবার গঠনে কৃষি<br>পাঠ ২:<br>সমাজ গঠনে কৃষি<br>পাঠ ৩:<br>কৃষি ও কৃষকের উপর মানুষের নির্ভরশীলতা<br>পাঠ ৪:<br>কৃষি পরিবেশ, বাংলাদেশের ঋতুচক্র ও কৃষিজ উৎপাদন<br>পাঠ ৫:<br>কৃষিজ উৎপাদনে বৈচিত্র্য<br>পাঠ ৬:<br>উদ্যান ফসলের বৈচিত্র্য<br>পাঠ ৭:<br>কৃষিতে প্রাণিজ উৎপাদনের বৈচিত্র্য<br>পাঠ ৮:<br>বাংলাদেশের কৃষি ও সংস্কৃতি | তাহিরপুর গ্রামের আদর্শ কৃষক রফিক তার বাড়িটি একটি আদর্শ খামারে পরিণত করেছেন। তিনি বাড়ির পাশের জমিতে ধান, গম চাষ করেন। বাড়িতে ফল, শাকসবজি, ভেষজ উদ্ভিদ ও কাঠাল গাছ রোপন করেছেন। পাশাপাশি তিনি পুকুরে মাছ চাষ, হাঁস-মুরগি পালন ও গরু-ছাগল লালন-পালন করেন।<br><br>তোমার দেখা এরূপ একজন কৃষক গ্রামের আর্থ সামাজিক উন্নয়নে কীভাবে ভূমিকা পালন করছেন।<br><br>নিচের প্রশ্নগুলোর আলোকে উত্তর দাও-<br><br>১। পরিবারের মৌলিক চাহিদা পূরণে তার ভূমিকা কী?<br><br>২। তার কার্যক্রম পরিবারের অর্থনৈতিক উন্নয়নে কীভাবে সহায়তা করতে পারে?<br><br>৩। তোমার গ্রামের অন্যান্য কৃষিজীবীদের স্বাবলম্বি করতে তিনি কীভাবে সহায়তা করতে পারবেন? | ১. এ্যাসাইনমেন্ট তৈরি করতে এনসিটিবি প্রণীত ২০২১ শিক্ষাবর্ষের কৃষি শিক্ষা পাঠ্য বই–এ প্রদত্ত প্রথম অধ্যায়ের পাঠ-১, ২ ও ৩ থেকে সহায়তা নেওয়া যেতে পারে<br><br>২. এছাড়াও বিষয় শিক্ষক, অভিভাবক, ইন্টারনেট ও কৃষি বিষয়ে অভিজ্ঞ ব্যক্তিবর্গের সহায়তা নেওয়া যেতে পারে | **অতি উত্তম:**<br>১। সকল প্রশ্নের উত্তরের বিষয়বস্তু পরিপূর্ণমাত্রায় সঠিক ও ধারাবাহিক<br>২। তথ্য, ধারণা পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সঙ্গতিপূর্ণ<br>৩। লেখায় লক্ষণীয়মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>**উত্তম:**<br>১। অধিকাংশ প্রশ্নের উত্তরের বিষয়বস্তু সঠিক ও ধারাবাহিক<br>২। তথ্য, ধারণা পাঠ্যপুস্তকের সাথে অধিকাংশ ক্ষেত্রেই সঙ্গতিপূর্ণ<br>৩। লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br>**ভালো:**<br>১। অধিকাংশ প্রশ্নের উত্তরের বিষয়বস্তু সঠিক হলেও ধারাবাহিকতার অভাব<br>২। তথ্য, ধারণা পাঠ্যপুস্তকের সাথে আংশিক সঙ্গতিপূর্ণ<br>৩। লেখায় সামান্যমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। প্রশ্নের উত্তরের বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব<br>২। তথ্য, ধারণা পাঠ্যপুস্তকের সাথে সঙ্গতির অভাব<br>৩। লেখার নিজস্বতা ও সৃজনশীলতা অনুপস্থিত |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** | **বিষয়: গার্হস্থ্য বিজ্ঞান**

<table>
<tr><th>এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম</th><th>অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম</th><th>পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু</th><th>এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ</th><th>নির্দেশনা</th><th>মূল্যায়ন রুব্রিক্স</th></tr>
<tr>
<td>এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১</td>
<td>প্রথম অধ্যায়:<br>১. গৃহ ব্যবস্থাপনার স্তর ও গৃহ সম্পদ</td>
<td>পাঠ: ১<br>গৃহ ব্যবস্থাপনার স্তর<br><br>পাঠ: ২<br>গৃহ সম্পদ<br><br>পাঠ: ৩<br>সম্পদের শ্রেণি বিভাগ<br><br>পাঠ: ৪<br>অর্থ, সময়, শক্তি<br><br>পাঠ: ৫<br>কাজ সহজকরণের কৌশল</td>
<td>বর্তমান কোভিড পরিস্থিতিতে বাড়ির বাইরে ও বিদ্যালয়ে যাওয়া তোমার পক্ষে সম্ভব হচ্ছেনা। এই পরিস্থিতিতে অবসর সময়ে আনন্দ পাওয়ার জন্য তুমি বাড়ির আঙিনায়/ ছাদে বাগান করার সুযোগ পেলে কী কী পদক্ষেপ গ্রহণ করবে তা নিচের ছক ও বিবেচ্যবিষয় অনুসরণ করে একটি ধারণাপত্র তৈরী করো।<br><br>বিবেচ্য বিষয়:<br>১। বাগানে তুমি কি কি গাছ লাগাতে চাও?<br>২। বাগান করতে তুমি কী কী সম্পদ ব্যবহার করবে?<br>৩। এ কাজের মাধ্যমে তুমি কীভাবে উপকৃত হবে বলে মনে করছো?
<table>
<tr><th>ধাপ</th><th>করণীয় কাজ</th></tr>
<tr><td>১.পরিকল্পনা</td><td></td></tr>
<tr><td>২. সংগঠন</td><td></td></tr>
<tr><td>৩. নিয়ন্ত্রণ</td><td></td></tr>
<tr><td>৪. মূল্যায়ন</td><td></td></tr>
</table>
</td>
<td>১. গৃহ ব্যবস্থাপনার ধাপ জানতে পাঠ্যবই এর সহযোগিতা গ্রহণ করতে বলুন।<br><br>২. বাগানের প্রয়োজনীয় উপকরণ গৃহ থেকে সংগ্রহের নির্দেশনা প্রদান করুন<br><br>৩. বাগানের কাজে পরিবারের সদস্যদের সম্পৃক্ত করার পরামর্শ প্রদান করুন।</td>
<td>অতি উত্তম:<br>১। গৃহ ব্যবস্থাপনার স্তরগুলো লিখতে পারা<br>২। স্তর উপলব্ধি করে ধারাবাহিকভাবে কাজ করতে পারা<br>৩। বাগানের জন্য উপযুক্ত গাছ নির্বাচন করতে পারা<br>৪। লেখায় লক্ষণীয়মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৫। বানান ও বাক্য গঠন ঠিক থাকা<br>উত্তম:<br>১। গৃহ ব্যবস্থাপনার স্তরগুলো লিখতে পারা<br>২। স্তর উপলব্ধি করে ধারাবাহিকভাবে কাজ করতে পারা<br>৩। বাগানের জন্য উপযুক্ত গাছ নির্বাচন করতে পারা<br>৪। লেখায় আংশিকমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৫। বানান ও বাক্য গঠন ঠিক থাকা<br>ভালো:<br>১। গৃহ ব্যবস্থাপনার স্তরগুলো লিখতে পারা<br>২। স্তর উপলব্ধি করে ধারাবাহিকভাবে কাজ করতে পারা<br>৩। বাগানের জন্য আংশিক উপযুক্ত গাছ নির্বাচন করতে পারা<br>৪। লেখায় আংশিক মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৫। বানান ও বাক্য গঠন ঠিক থাকা<br>অগ্রগতি প্রয়োজন:<br>১। গৃহ ব্যবস্থাপনার স্তরগুলো আংশিক লিখতে পারা<br>২। স্তর উপলব্ধি করে আংশিক ধারাবাহিকভাবে কাজ করতে পারা<br>৩। বাগানের জন্য উপযুক্ত গাছ নির্বাচন করতে না পারা<br>৪। লেখায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব<br>৫। বানান ও বাক্য গঠন দূর্বল হওয়া</td>
</tr>
</table>

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম**

**বিষয়: গণিত**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | **প্রথম অধ্যায়:**<br><br>মূলদ ও অমূলদ সংখ্যা | ১. সংখ্যারবর্গ ও বর্গমূল<br>২. উৎপাদক ও ভাগ প্রক্রিয়ার মাধ্যমে বর্গমূল<br>৩. সংখ্যার বর্গমূল নির্ণয়<br>৪. মূলদ ও অমূলদ সংখ্যা<br>৫. সংখ্যারেখায় মূলদ ও অমূলদ সংখ্যার অবস্থান | ১. তুমি একটি তিন অঙ্কের পূর্ণ বর্গসংখ্যা লিখ এবং দুটি ভিন্ন পদ্ধতিতে সংখ্যাটির বর্গমূল নির্ণয় কর।<br><br>২. একটি সৈন্য দলকে ৯, ১২ ও ২০ সারিতে সাজানো যায় কিন্তু বর্গাকারে সাজানো যায় না। সৈন্য সংখ্যাকে কোন ক্ষুদ্রতম সংখ্যা দ্বারা গুণ করলে সৈন্যদলকে বর্গাকারে সাজানো যাবে, তা নির্ণয় কর। | ১. উৎপাদক ও ভাগ প্রক্রিয়ায় সংখ্যাটির বর্গমূল নির্ণয় করবে।<br><br>২. প্রদত্ত সংখ্যাগুলোর ল.সা.গু. নির্ণয় করে, সারিতে সাজানো সৈন্য সংখ্যা বের করবে। প্রাপ্ত সৈন্য সংখ্যাকে মৌলিক উৎপাদকে বিশ্লেষণ করে উৎপাদকের জোড়া তৈরির মাধ্যমে পূর্ণ বর্গসংখ্যা তৈরি করে সৈন্য সংখ্যা নির্ণয় করবে। | ১.<br>* বর্গসংখ্যা লিখন<br>* উৎপাদক ও ভাগ প্রক্রিয়ায় সংখ্যাটির বর্গমূল নির্ণয়<br><br>২.<br>* সারিতে সাজানো সৈন্য সংখ্যা নির্ণয়<br>* বর্গাকারে সাজানো সৈন্য সংখ্যা নির্ণয় |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম**

**বিষয়: কৃষি শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | **প্রথম** অধ্যায়: বাংলাদেশের কৃষি ও আন্তর্জাতিক প্রেক্ষাপট | পাঠ-১: কৃষিতে বিজ্ঞানীদের অবদান<br>পাঠ -২: বাংলাদেশের মানুষের জীবন, সংস্কৃতি এবং কৃষির আধুনিকায়ন<br>পাঠ-৩: বিশ্বের বিভিন্ন দেশের কৃষির অগ্রগতি<br>পাঠ-৪: এশীয় ও বিশ্ব-প্রেক্ষাপটে বাংলাদেশের কৃষির তুলনা<br>পাঠ-৫: বাংলাদেশ ও ভারত<br>পাঠ-৬: ফসলের মৌসুম নির্ভরশীলতা কাটিয়ে উঠা | রুমির বাবা একজন কৃষি বিজ্ঞানী। তিনি মিষ্টি ও উচ্চফলনশীল আমের একটি জাত উদ্ভাবন করেন যা বারি-৪ নামে মাঠ পর্যায়ে সফলভাবে উৎপাদিত হচ্ছে। গত ১৬ই ডিসেম্বর ২০২০ সালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর এই অবদানের জন্য তাঁকে রাষ্ট্রপতি পদক প্রদান করে সম্মানিত করেন। রুমির বাবার এমন সম্মান প্রাপ্তির পিছনে নিম্নলিখিত বিষয়গুলো তার মনে যে আলোড়ন সৃষ্টি করেছে সে ব্যাপারে তোমার সুচিন্তিত মতামত উল্লেখ কর-<br><br>১. ধান, পাট, গম, আখ, চাষযোগ্য কৈ মাছ, মিষ্টি জাতের আম, মাল্টা ইত্যাদি উদ্ভাবনে কাদের নিরলস পরিশ্রম ও গবেষণায় অবদান রয়েছে?<br><br>২. কোন কোন প্রতিষ্ঠান গবেষণার মাধ্যমে এসব নতুন জাত উদ্ভাবন করেছেন?<br><br>৩। ধান গবেষণা প্রতিষ্ঠান (BRRI) থেকে ধানের কোন কোন জাত উদ্ভাবন করেছেন?<br><br>৪। কৃষি বিজ্ঞানীরা ধান ছাড়াও অন্যান্য কি কি জাত উদ্ভাবন করেছেন-যা কৃষকেরা মাঠে চাষাবাদ করে বাংলাদেশের অর্থনীতিকে এগিয়ে নিয়ে যাচ্ছেন?<br><br>৫। এ সমস্ত কৃষিজাত দ্রব্য উৎপাদনের মাধ্যমে মানুষের কোন ধরনের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে? | ১. এনসিটিবি কর্তৃক প্রণীত ২০২১ সালের কৃষি শিক্ষা বিষয়ের প্রথম অধ্যায় পাঠ<br><br>২. ইন্টারনেট থেকে প্রাপ্ত তথ্য সংগ্রহ<br><br>৩. বিষয় শিক্ষকের পরামর্শ গ্রহণ<br><br>৪. অভিভাবকের মতামত গ্রহণ<br><br>৫. স্বাস্থ্যবিধি মেনে নিকট প্রতিবেশির সাথে পরামর্শ | **অতি উত্তম:**<br>১. পরিপূর্ণতায় বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা<br>২. তথ্য, ধারণা ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সংগতিপূর্ণ<br>৩. লেখার সৃজনশীলতা<br><br>**উত্তম:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা<br>২. তথ্য ধারণা অধিকাংশই পাঠ্যপুস্তকের সাথে সংগতিপূর্ণ<br><br>**ভালো:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব।<br>২. তথ্য, ধারণা আংশিকভাবে সংগতিপূর্ণ<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. বিষয়বস্তুর সঠিকতার ও ধারাবাহিকতার অভাব<br>২. তথ্য, ধারনা পাঠ্যপুস্তকের সাথে সংগতিপূর্ণ নয়। |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম**


**বিষয়: গার্হস্থ্য বিজ্ঞান**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | **প্রথম অধ্যায়:**<br>গৃহ সম্পদের সুষ্ঠু ব্যবহার | পাঠ-১:<br>গৃহ সম্পদ<br>পাঠ-২:<br>সময় ও শক্তির পরিকল্পনা<br>পাঠ-৩:<br>অর্থ পরিকল্পনা<br>পাঠ-৪:<br>পরিবারের যৌথ সম্পদেও সুষ্ঠু ব্যবহার | ১। বর্তমান কোভিড-১৯ পরিস্থিতিতে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় তুমি সারাদিন বাসায় অবস্থান করছো। সময় তালিকা প্রণয়ন করে লেখা-পড়া ও অন্যান্য কাজ-কর্ম করা উচিত। তাই এ পরিস্থিতিতে তোমার দৈনন্দিন কাজকর্ম কীভাবে করছো-<br><br>(ক) তোমার সারাদিনের কর্মকান্ডের জন্য একটি সময় তালিকা প্রণয়ন কর।<br><br>(খ) সময় তালিকা প্রণয়নের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর।<br><br>(গ) সময় তালিকা প্রণয়নের ক্ষেত্রে তুমি কোন কোন বিষয় বিবেচনা করেছো? | শিক্ষার্থীদেরকে নিজের পাঠ্যপুস্তক ভালোভাবে পড়তে নির্দেশ দিন। | **অতি উত্তম:**<br>১। সময় তালিকা তৈরি করতে পারা<br>২। সময় তালিকায় কাজের ধারাবাহিকতা থাকা<br>৩। সময় তালিকা প্রণয়নের প্রয়োজনীয় ব্যাখ্যা করতে পারা<br>৪। সময় তালিকার বিবেচ্য বিষয়গুলো লিখতে পারা<br>৫। বানান ও বাক্য গঠন ঠিক থাকা<br>৬। লেখায় লক্ষণীয়মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>**উত্তম:**<br>১। সময় তালিকা তৈরি করতে পারা<br>২। সময় তালিকায় কাজের বিবরণে ধারাবাহিকতা থাকা<br>৩। সময় তালিকা প্রণয়নের প্রয়োজনীয় ব্যাখ্যা করতে পারা<br>৪। সময় তালিকার বিবেচ্য বিষয়গুলো লিখতে পারা<br>৫। বানান ও বাক্য গঠনঠিক থাকা<br>৬। লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br>**ভালো:**<br>১। সময় তালিকা তৈরি করতে পারা<br>২। সময় তালিকায় কাজের বিবরণে আংশিক ধারাবাহিকতা থাকা<br>৩। সময় তালিকা প্রণয়নের প্রয়োজনীয় ব্যাখ্যা করতে পারা<br>৪। সময় তালিকার বিবেচ্য বিষয়গুলো লিখতে পারা<br>৫। বানান ও বাক্য গঠন আংশিক ঠিক থাকা<br>৬। লেখায় সামান্যমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। ঠিকভাবে সময় তালিকা তৈরি করতে না পারা<br>২। সময় তালিকায় কাজের ধারাবাহিকতা না থাকা<br>৩। সময় তালিকা প্রণয়নের প্রয়োজনীয়তা আংশিক ব্যাখ্যা করতে পারা<br>৪। সময় তালিকার বিবেচ্য বিষয়গুলো আংশিক লিখতে পারা<br>৫। বানান ও বাক্য গঠন ঠিক না থাকা<br>৬। লেখায় নিজস্বতা ও সৃজনশীলতার অনুপস্থিত |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৮ম

বিষয়: গণিত

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | প্রথম অধ্যায়: প্যাটার্ন | ১.১ প্যাটার্ন<br>১.২ স্বাভাবিক সংখ্যার প্যাটার্ন<br>১.৩ সংখ্যাকে দুইটি বর্গের সমষ্টি রুপে প্রকাশ<br>১.৪ ম্যাজিক বর্গ গঠন<br>১.৫ সংখ্যা নিয়ে খেলা<br>১.৬ জ্যামিতিক প্যাটার্ন | <br>চিত্র-১ চিত্র-২ চিত্র-৩<br>উপরের জ্যামিতিক চিত্রগুলো সমান দৈর্ঘ্যের রেখাংশ দিয়ে তৈরি করা একটি প্যাটার্ন।<br>(ক) প্যাটার্নের চতুর্থ চিত্রটি তৈরি করে রেখাংশের সংখ্যা নির্ণয় কর।<br>(খ) উল্লেখিত প্যাটার্নটি কোন বীজ গণিতীয় রাশিকে সমর্থন করে তা যুক্তিসহ উপস্থাপন কর।<br>(গ) উল্লেখিত প্যাটার্নটির প্রথম ২০টি চিত্র তৈরি করতে মোট কতটি রেখাংশ দরকার হবে- তা নির্ণয় কর। | স্কেল ব্যবহার করে চিত্র অঙ্কন করবে। অতঃপর সমস্যাগুলো সমাধান করবে। | ক.<br>১.পরবর্তী চিত্রটি অঙ্কন।<br>২. পরবর্তী চিত্রটির রেখাংশের সংখ্যা নির্ণয়।<br>খ.<br>১. বীজগণিতীয় রাশিতে প্রকাশের যুক্তি উপস্থাপন।<br>২. বীজগণিতীয় রাশিতে প্রকাশ।<br>গ.<br>১. সমষ্টি নির্ণয়ের সূত্র।<br>২. রেখাংশের সমষ্টি নির্ণয়। |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: কৃষি শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | **প্রথম অধ্যায়:** কৃষি প্রযুক্তি | **প্রথম পরিচ্ছেদ:**<br>• ফসল নির্বাচন<br>✓ ক্লাশ ১: মাটি ও পরিবেশের বৈশিষ্ট্য অনুযায়ী ফসল নির্বাচন।<br>✓ ক্লাশ ২: মৃত্তিকা ভিত্তিক পরিবেশ অঞ্চলের বৈশিষ্ট্য অনুযায়ী ফসল নির্বাচন<br>**দ্বিতীয় পরিচ্ছেদ:**<br>• ফসল উৎপাদনের জন্য জমি প্রস্তুতি<br>✓ ক্লাশ ১: বিভিন্ন ফসলের জন্য জমি প্রস্তুতি<br>✓ ক্লাশ ২: ভূমি কর্ষণ তথা জমি প্রস্তুত করণের উদ্দেশ্য।<br>**তৃতীয় পরিচ্ছেদ:**<br>ভূমি ক্ষয় ও ক্ষয়রোধ<br>✓ ক্লাশ ১: ভূমিক্ষয় ও ভূমি ক্ষয়ের প্রকারভেদ।<br>✓ ক্লাশ ২: ভূমি ক্ষয়ের বিভিন্ন দিক, ভূমি ক্ষয়ের কারণ।<br>✓ ক্লাশ ৩: ভূমিক্ষয় রোধের কার্যকরী উপায়সমূহ। | তোমার এলাকার প্রধান প্রধান ফসলের নাম উল্লেখপূর্বক ফসলসমুহ চাষের কারণ ও সেগুলোর জন্য জমি প্রস্তুতির বিবরণ উল্লেখ কওে একটি প্রতিবেদন তৈরি কর। | ১. শিক্ষার্থী পাঠ্যপুস্তকের প্রথম অধ্যায়ের প্রথম ও দ্বিতীয় পরিচ্ছেদের ধারণা নিবে<br><br>২. মাতা পিতা বা কৃষকের পরামর্শ নিবে<br><br>৩. প্রয়োজনে বিষয় শিক্ষক ও ইন্টারনেট এর সহযোগিতা নিবে<br><br>৪. নিজ হাতে এ্যাসাইনমেন্ট লিখবে | **অতি উত্তম:**<br>১. নির্দিষ্ট এলাকার মাটির প্রকার উল্লেখ করে চাষযোগ্য প্রধান প্রধান ফসলের নাম<br>২. উল্লেখিত ফসলগুলোর সাথে সম্পূর্ণ সংগতিপূর্ণ জমি প্রস্তুতির বর্ণনা<br>৩. লেখায় লক্ষনীয়মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**উত্তম:**<br>১. নির্দিষ্ট এলাকার মাটির প্রকার উল্লেখ করে কিছু ফসলের নাম<br>২. উল্লেখিত ফসলগুলোর সথে অধিকাংশক্ষেত্রে সঙগতিপূর্ণ জমি প্রস্তুতির বর্ণনা<br>৩. লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**ভালো:**<br>১. একটি মাটির প্রকার উল্লেখ করে চাষযোগ্য একটি ফসলের নাম<br>২. উল্লেখিত ফসলটির সাথে মোটামুটি সংগতিপূর্ণ জমি প্রস্তুতির বর্ণনা<br>৩. লেখায় সামান্যমাত্রায় স্বকীয়তা ও সৃজনশীলতা<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. মাটির প্রকার অনুযায়ী ফসল সম্পর্কে সুনির্দিষ্ট ধারনার অভাব<br>২. ফসলের সাথে জামি প্রস্তুতির বর্ণনা অসংগতিপূর্ণ<br>৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা অনুপস্থিত |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: গার্হস্থ্যবিজ্ঞান**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | অধ্যায়-১:<br>গৃহ ব্যবস্থাপনা | পাঠ-১:<br>গৃহ ব্যবস্থাপনার ধারণা<br><br>পাঠ-২:<br>লক্ষ্য ও লক্ষ্যের প্রকারভেদ<br><br>পাঠ-৩:<br>গৃহ ব্যবস্থাপনার উদ্দেশ্য<br><br>পাঠ-৪:<br>গৃহ ব্যবস্থাপনার পদ্ধতি বা পর্যায়<br><br>পাঠ-৫:<br>সিদ্ধান্ত গ্রহণ | গৃহ ব্যবস্থাপনার পর্যায়গুলো অনুসরণ করে তোমার কক্ষটিতে কিভাবে আরও আকর্ষণীয় করে তোলা যায় তা নিচের প্রশ্নের আলোকে বিস্তারিত বর্ণনা কর।<br>১। কেন তোমার কক্ষটাকে সুন্দর করতে চাও।<br>২। কক্ষটি সুন্দর করতে চাইলে প্রথমে তোমাকে কি করতে হবে এবং কেন?<br>৩। একাজে তোমাকে কে কে সাহায্য করতে পারবে এবং কিভাবে?<br>৪। কক্ষটি সাজানো তোমার পছন্দমত হচ্ছে? না হলে তুমি কি করতে চাও।<br>৫। সাজানো গোছানো পরিপাটি কক্ষটিতে বসে এখন তোমার কেমন লাগছে? তোমার অনুভূতি ব্যক্ত কর। | | **অতি উত্তম:**<br>১। গৃহ ব্যবস্থাপনার পর্যায়গুলো লিখতে পারা<br>২। পর্যায় অনুযায়ী ধারাবাহিকভাবে কাজ করতে পারা<br>৩। পর্যায় উপলব্ধি করে যৌক্তিক বিশ্লেষণ করতে পারা<br>৪। লেখায় লক্ষণীয়মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা।<br>৫। বানান ও বাক্য গঠন ঠিক থাকা<br><br>**উত্তম:**<br>১। গৃহ ব্যবস্থাপনার পর্যায়গুলো লিখতে পারা<br>২। পর্যায় অনুযায়ী ধারাবাহিকভাবে কাজ করতে পারা<br>৩। পর্যায় উপলব্ধি করে যৌক্তিক বিশ্লেষণ করতে পারা<br>৪। লেখায় আংশিকমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৫। বানান ও বাক্য গঠন ঠিক থাকা<br><br>**ভালো:**<br>১। গৃহ ব্যবস্থাপনার পর্যায়গুলো লিখতে পারা<br>২। পর্যায় অনুযায়ী ধারাবাহিকভাবে কাজ করতে পারা<br>৩। পর্যায় উপলব্ধি করে আংশিক যৌক্তিক বিশ্লেষণ করতে পারা<br>৪। লেখায় আংশিকমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৫। বানান ও বাক্য গঠন ঠিক থাকা<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। গৃহ ব্যবস্থাপনার পর্যায়গুলো আংশিক লিখতে পারা<br>২। পর্যায় অনুযায়ী আংশিক ধারাবাহিকভাবে কাজ করতে পারা<br>৩। যৌক্তিক বিশ্লেষণ করতে না পারা<br>৪। লেখায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব<br>৫। বানান ও বাক্য গঠন আংশিক ঠিক থাকা |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: অর্থনীতি**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | **প্রথম অধ্যায়:** অর্থনীতি পরিচয় | ১.১ অর্থনীতির উৎপত্তি ও বিকাশ<br>১.২ দুটি মৌলিক অর্থনৈতিক সমস্যা : দুস্প্রাপ্যতা ও অসীম অভাব<br>১.৩ অর্থনীতির ধারণা<br>১.৪ অর্থনীতির দশটি নীতি<br>১.৫ আয়ের বৃত্তাকার প্রবাহ (দুটি খাত)<br>১.৬ বিভিন্ন ধরনের অর্থনৈতিক ব্যবস্থা | 'আমাদের দৈনন্দিন জীবনে অর্থনীতির দশটি মৌলিক নীতি কার্যকর ভূমিকা রাখে।' উপরোক্ত বিষয়ে অনাধিক ৩০০ শব্দের একটি প্রতিবেদন রচনা কর।<br><br>**সংকেত:**<br>• সূচনা<br>• অর্থনীতির দশটি মৌলিক নীতি<br>• আমাদের জীবনের নীতিগুলোর প্রভাব পর্যালোচনা করে অভিজ্ঞতার বর্ণনা<br>• তোমার জীবন যাপনে নীতিগুলোর ভূমিকা<br>• উপসংহার | • অর্থনীতির দশটি মৌলিক নীতি সম্পর্কে প্রাথমিক ধারণা অর্জন করে লিখবে<br>• সম্ভাব্য ক্ষেত্রে দশটি মৌলিক নীতি নিয়ে সহপাঠী, শিক্ষক, অভিভাবক ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সাথে আলোচনা করতে হবে।<br>• দৈনন্দিন জীবনে দশটি মৌলিক নীতির প্রয়োগ সম্পর্কে বিচার বিশ্লেষণ করে উপস্থাপন করতে হবে। | ১। অর্থনীতির মৌলিক নীতি সঠিকভাবে চিহ্নিতকরণ<br>২। মৌলিক নীতির কার্যকারিতা বাস্তবসম্মত উপস্থাপনা<br>৩। যুক্তির যথার্থতা<br><br>**অতি উত্তম:**<br>• ৩টি ধাপ যথার্থভাবে উপস্থাপন করতে পেরেছে।<br><br>**উত্তম:**<br>• ২টি ধাপ যথার্থ এবং ১টি ধাপ দুর্বলভাবে উপস্থাপন করেছে।<br><br>**ভালো:**<br>• ২টি ধাপ পূর্ণভাবে উপস্থাপন এবং ১টি ধাপের বর্ণনা না করা।<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>• ৩টি ধাপই দুর্বলভাবে ভুলভাবে উপস্থাপন করেছে। |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা


**শ্রেণি: ৯ম**

**বিষয়: গণিত**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | তৃতীয় অধ্যায়:<br><br>বীজ গাণিতিক রাশি | • বীজ গাণিতিক রাশি<br>• বর্গ সংবলিত সূত্রাবলি<br>• ঘন সংবলিত সূত্রাবলি<br>• উৎপাদকে বিশ্লেষণ<br>• বাস্তব সমস্যা সমাধানে বীজগাণিতক সূত্রগঠন ও প্রয়োগ | ১। $A = x^2 - 2x + 1$, $B = x^2 - \sqrt{3}x + 1$, এবং $C = x^2 + 10x + 16$<br><br>**নিচের সমস্যাগুলো সমাধান কর:**<br><br>সমস্যা ১: $A = 0$ হলে, $x$ এর মান নির্ণয় কর।<br>সমস্যা ২: $C$ রাশিকে দুটি বর্গের অন্তররূপে প্রকাশকরা সম্ভব কী? উত্তরের স্বপক্ষে গাণিতিক যুক্তিসহ উপস্থাপন কর।<br>সমস্যা ৩: সূত্রের সাহায্যে $A^2$ নির্ণয় কর।<br>সমস্যা ৪: যদি $B = 0$ হয়, তবে $x^2 + \frac{1}{x^2}$ এবং $x^3 + \frac{1}{x^3}$ এর মান পরস্পর সমান হবে কী? গাণিতিকভাবে যুক্তি উপস্থাপন কর। | • সূত্রের ব্যবহার করে $x$ এর মান নির্ণয় করবে।<br>• যুক্তি উপস্থাপন করে রাশিকে দুটি বর্গের অন্তর রূপে প্রকাশ করবে।<br>• উল্লিখিত রাশির সাহায্য নিয়ে $x^2 + \frac{1}{x^2}$ এবং $x^3 + \frac{1}{x^3}$ এর মান নির্ণয় করে নিজস্ব যুক্তি উপস্থাপন করবে। | • ধারাবাহিকতা<br>• সঠিকসূত্র ও সমাধানে নির্ভূলতা<br>• যুক্তি উপস্থাপন। |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: উচ্চতর গণিত**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | প্রথম অধ্যায়: সেট ও ফাংশন | সার্বিকসেট, উপসেট, পূরক সেট ও শক্তিসেট<br>সেটের সংযোগ, ছেদ, অন্তর ও সেট প্রক্রিয়ার ধর্মাবলি, সমতুলসেট ও অসীমসেট, সেটের সংযোগের শক্তিসেট এবং ভেনচিত্র<br>বাস্তব সমস্যা সমাধানে সেট, অন্বয় এবং ফাংশন এর ধারণা,<br>ফাংশন এর ডোমেন ও রেঞ্জ, এক-এক ফাংশন, সার্বিক ফাংশন, বিপরীত ফাংশন, অন্বয় ও ফাংশনের লেখচিত্র | (a)  (b) $f(x) = \frac{3x + 5}{x - 3}$<br><br>(ক) বর্ণিত অন্বয়টি ফাংশন হলে তা কী ধরনের ফাংশন যুক্তিসহ উল্লেখ কর।<br>(খ) (a) এর বিপরীত ফাংশন সম্ভব কিনা তা যুক্তিসহ উপস্থাপন কর।<br>(গ) (b) এর ক্ষেত্রে $x \neq 3$ এর জন্য ফাংশনটি এক-এক এবং সার্বিক কিনা তা যুক্তি দিয়ে নিজস্ব মতামত উপস্থাপন কর। | উচ্চতর গণিত পাঠ্য বইয়ের প্রথম অধ্যায়ে আলোচিত সেট ও ফাংশন সম্পর্কে সম্যক ধারণা নিয়ে সমস্যাগুলো সমাধান কর। | ১(ক). ফাংশনের বৈশিষ্ট্যের ভিত্তিতে যুক্তি উপস্থাপন।<br><br>১(খ). বিপরীত ফাংশনের বৈশিষ্ট্যের ভিত্তিতে যুক্তি উপস্থাপন।<br><br>১(গ). (i) এক-এক ফাংশনের বৈশিষ্ট্যের ভিত্তিতে মতামত উপস্থাপন।<br>(ii) সার্বিক ফাংশনের বৈশিষ্ট্যের ভিত্তিতে মতামত উপস্থাপন।<br><br>অতি উত্তম:<br>সবগুলো অর্জিত হয়েছে।<br><br>উত্তম:<br>যে কোনো ৩টি অর্জিত হয়েছে।<br><br>ভালো:<br>যে কোনো ২টি অর্জিত হয়েছে।<br><br>অগ্রগতি প্রয়োজন:<br>২ টির কম অর্জিত হয়েছে। |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম**

**বিষয়: চারু ও কারুকলা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | **প্রথম অধ্যায়:**<br>শিল্পকলা | পাঠ: ১<br>শিল্পকলা<br>পাঠ: ২<br>শিল্পকলার শ্রেণিবিভাগ<br>পাঠ: ৩<br>পাঠ: ৪<br>পাঠ: ৫<br>পাঠ: ৬<br>শিল্পকলা চর্চার গুরুত্ব<br>পাঠ: ৭<br>পাঠ: ৮<br>পাঠ: ৯<br>পাঠ: ১০<br>শিল্পকলার গুরুত্বপূর্ণ অংশ: চিত্রকলা ও কারুকলা<br>পাঠ: ১১ | ১. শিল্পকলা কী? বাংলাদেশের সংস্কৃতিকে সমৃদ্ধ করার জন্য শিল্পকলা চর্চা গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। | পাঠ্যপুস্তক থেকে, পূর্ব পাঠ থেকে, ইন্টারনেট থেকে। | **অতি উত্তম:**<br>প্রাসঙ্গিক, তথ্যনির্ভর, বস্তুনিষ্ঠ ও ধারাবাহিকতা।<br>**উত্তম:**<br>তুলনামূলক কম তথ্য নির্ভর।<br>**ভালো:**<br>তথ্যের ঘাটতি, ধারাবাহিকতার অভাব।<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>প্রাসঙ্গিক, তথ্য নির্ভর, বস্তুনিষ্ঠ ও ধারাবাহিকতা নেই। |